

পরীক্ষায় খাতা না দেখানোয় শিক্ষার্থীকে পিটিয়ে আহত

সংবাদ : | প্রতিনিধি, ফরিদপুর

| ঢাকা, সোমবার, ০৪ নভেম্বর ২০১৯

ফরিদপুরে পরীক্ষার হলে এক শিক্ষার্থীকে খাতা না দেখানোয় বহিরাগতদের দিয়ে মারধর করেছে আরেক শিক্ষার্থী। আহত শিক্ষার্থী বর্তমানে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। গত বৃহস্পতিবার দুপুর সোয়া ১টার দিকে শহরের চাঁনমারি এলাকায় অবস্থিত ন্যাশনাল পরিটেকনিক ইনস্টিটিউটের সামনে এ ঘটনা ঘটে। চিকিৎসক জানিয়েছে আহত শিক্ষার্থীর বাম কানের পর্দা ফেটে গেছে। এর জন্য অস্ত্রপূচার করতে হবে।

আহত শিক্ষার্থী সৈয়দ শাওন আলী (১৭) ওই ইনস্টিটিউটের ইলেকট্রিক্যাল তৃতীয় পর্বের শিক্ষার্থী। সে সালথা উপজেলার বল্লভদী ইউনিয়নের উজিরপুর গ্রামের সৈয়দ রাশেদ আলীর ছেলে। সৈয়দ শাওন আলী জানান, গত ২৪ অক্টোবর থেকে ইনস্টিটিউটে মধ্য পর্ব পরীক্ষা শুরু হয়েছে। আগামী ৫ নভেম্বর এ পরীক্ষা শেষ হওয়ার কথা। পরীক্ষা হলে তার পাশে আসন পড়েছে সিভিল বিভাগের তৃতীয় পর্বের শিক্ষার্থী মো. সাজ্জাদের (১৮)। সাজ্জাদ শহরের পূর্বখাবাসপুর এলাকার বাসিন্দা।

তান বলেন, গত বৃহস্পতিবার ছিল সমাজক বিজ্ঞান পরীক্ষা। ওইদিন সাজ্জাদকে খাতা না দেখানোয় পরীক্ষা শেষে ইনস্টিটিউট থেকে বের হওয়ার পর সাজ্জাদ ও তার কয়েকজন বহিরাগত সহযোগী তাকে পাশের ঈদগাঁ ময়দানে নিয়ে বেদম ভাবে কিল চড় ও থাপ্পড় মারে। পরে ইনস্টিটিউট কর্তৃপক্ষ থাকে উদ্ধার করে প্রথমে একটি বেসরকারি হাসপাতাল ও পরে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করায়। ঘটনার সত্যতা নিশ্চিত করে ন্যাশনাল পলিটেকনিক ইনস্টিটিউটের রেজিস্ট্রার মো. লুৎফর রহমান বলেন, অভিযুক্ত শিক্ষার্থীর (সাজ্জাদ) বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।